পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১৬১৯/শা-২(ক)/প.

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১
২৮ মে ২০২৪

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২০ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ অনিয়মিত, মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ |
|---|
| ২৯/০৫/২০২৪ থেকে ১১/০৬/২০২৪ |

**১। পরীক্ষার ফি এর বিবরণ:**

| ক্র.নং | পরীক্ষার ফি- এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ২য় বর্ষ (৭০০ নম্বর) অনিয়মিত | ৮০০/- (৭০০/- ফিস + ইন-কোর্স ফিস ১০০/-) |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৩০০/- (প্রতি পত্রে ১০০/- হারে + ইন-কোর্স ১০০/- ) |
| ০৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/- ( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |
| ০৪ | মানোন্নয়ন | ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি)+ ১০০/- হারে (প্রতি পত্রে) |

বি: দ্র: পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।

৪। <u>পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:</u>

## অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

i) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮ ও ২০১৯ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ/শর্তসাপেক্ষে উত্তীর্ণ (Promoted / C.Promoted) হয়েছে কিন্তু ২০১৮ বা ২০১৯ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাঞ্চনীয়।

## মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

i) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে (Promoted / C.Promoted) হয়েছে কিন্তু কোন পত্রে অনুপস্থিত/F গ্রেড পেয়েছে তারা উক্ত পত্রে এ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৯ সনের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বারের মত অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ ২টি পত্রে/কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিবাসে অংশগ্রহণ করতে পারবে।

## সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)

i) ২০১৭ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা যারা ১ম বর্ষের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য

আলোচ্য পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে (শিক্ষাবর্ষ: ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫) সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে উক্ত পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য ও অনুপস্থিত কোর্স/বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪। অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ <u>http://dua7c.com/</u> সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) **প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে** এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরম পূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১০/০৬/২০২৪ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। কলেজের জন্য করণীয়:

অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

**ক) কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ: ১৩/০৬/২০২৪ (উল্লেখ্য যে, উক্ত তারিখের পর আর কোন লেইট ভেরিফাই এর আবেদন গ্রহণ করা হবে না)।**

খ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরম পূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ফরম পূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৬। ফি জমাদানের নিয়মাবলী:

২০২০ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ মানোন্নয়ন পরীক্ষার ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৭৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে - অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে। ফরমপূরণের পূর্ণাঙ্গ হিসাব বিবরণীর সফ্ট কপি ই-মেইলে প্রেরণ করতে হবে এবং প্রিন্ট কপি অধ্যক্ষ মহোদয় কর্তৃক স্বাক্ষর করে ব্যাংক ড্রাফটসহ ৩২২ নং কক্ষে জমা দিতে হবে।

৭। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে ইনকোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট, ০২ (দুই) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির নিকট এবং ০১ (এক) কপি ইনকোর্স পরীক্ষার খাতাসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া পর্যন্ত (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

মোঃ বাহালুল হক চৌধুরী

(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক 28 MAY 2024

ঢাকা বিশ্ববিদ্যালয়

E-mail: examcontrollera7c@du.ac.bd

28.05.2024